

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ২৩৮

তারিখ: ০২/০৩/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর আওতায় সুফলভোগীদের (পল্লী অঞ্চলের দরিদ্র, অসহায়, সুবিধা বঞ্চিত ও শিক্ষিত বেকার মহিলা) আত্ম-কর্মসংস্থান সৃষ্ণনের লক্ষ্যে আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে (হাঁস মুরগী পালন, গাভী পালন, গরু মোটাজাকরণ, মাশরুম চাষ, মৎস্য চাষ, চিংড়ী/কাকড়া চাষ, বিদেশী সবজি চাষ, অপ্রধান শস্য চাষ, স্থানীয় চাহিদা ভিত্তিক অন্যান্য ট্রেড) প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। প্রশিক্ষণসমূহ বিশেষায়িত ও ব্যবহারিক বিধায় দক্ষ প্রশিক্ষক প্রয়োজন। কিন্তু উপজেলা পর্যায়ে অনেক সময় বিষয় ভিত্তিক দক্ষ প্রশিক্ষক চাহিদানুযায়ী পাওয়া সম্ভব হয় না। তাই প্রকল্পের ৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণসমূহ সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের স্বার্থে ডিপিপি নির্দেশনা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জেলা পর্যায়ে বিষয় ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে (সংযুক্তি-০১)। সে আলোকে হাতে-কলমে যথাযথ প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট বিষয়ক অবসরপ্রাপ্ত কর্মকর্তা/দক্ষ প্রশিক্ষক/বাস্তবভিত্তিক অভিজ্ঞতা সম্পন্ন সফল খামারী/কৃষক সমন্বয়ে জেলাওয়ারী আইজিএ ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:


ক্রমিক নং	পদবী ও কর্মস্থল	কমিটিতে পদনাম
১	উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা)	সভাপতি
২	জেলা পর্যায়ে কর্মরত যে কোন সরকারী দপ্তরের একজন কর্মকর্তা	সদস্য
৩	ইউআরডিও, সদর উপজেলা	সদস্য
৪	এআরডিও (ইরেসপো), সদর উপজেলা/ নিকটবর্তী প্রকল্পভুক্ত উপজেলা	সদস্য সচিব

কমিটির টিওআর : স্থানীয়ভাবে প্রচার/বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিষয় ভিত্তিক প্রাপ্ত প্রশিক্ষকদের মধ্য হতে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে প্রতি ট্রেডে ন্যূনতম ৩ জন করে বিষয় ভিত্তিক ১টি প্রশিক্ষক পুল/প্যানেল গঠন করা।

২। উল্লেখ্য, প্রশিক্ষক পুল/প্যানেলে অন্তর্ভুক্ত প্রশিক্ষকদের জন্য প্রতিটি ৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণে ন্যূনতম ৬ টি সেশন পরিচালনার সুযোগ থাকবে এবং প্রতিটি সেশন পরিচালনার জন্য প্রশিক্ষক ১,১৫০.০০ (আয়করসহ) টাকা ভাতা প্রাপ্য হবেন। এছাড়া তিনি অন্য কোন সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

৩। প্রকল্পের সুষ্ঠু ও সফল বাস্তবায়নের স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনামতে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপপরিচালক


বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ২৩৮

তারিখ: ০২/০৩/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।


মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

উপজেলায় সুফলভোগীদের স্বল্প মেয়াদী/০৩ দিন মেয়াদী প্রশিক্ষণের লক্ষ্যে বিষয়/ট্রেড নির্ধারণ :

১. কৃষি (ফুল চাষ, মাশরুম চাষ, রেশম চাষ, মৌমাছি পালন, পান চাষ, দেশি/বিদেশি ফল ও সবজি চাষ, নার্সারী অন্যান্য)
২. অপ্রধান শস্য (বিভিন্ন ডাল, গম, মরিচ, পিয়াজ, রসুন, আদা, হলুদ ও অন্যান্য)
৩. মৎস্য (পুকুরে মাছ চাষ, হ্যাচারী, রেনু ও পোনা উৎপাদন ও অন্যান্য)
৪. চিংড়ি চাষ ও কঁকড়া চাষ
৫. প্রাণি সম্পদ (গরু মোটাতাজাকরণ, উন্নত মানের গাভী পালন, ছাগল পালন, ভেড়া পালন, হাঁস-মুরগী পালন, কবুতর ও কোয়েল পাখি, পাখি পালন ও অন্যান্য)
৬. মৃৎ শিল্প
৭. কাঠ শিল্প (কাঠের আসবাবপত্র ও অন্যান্য)
৮. বাঁশ ও বেতের শিল্প (শীতল পাটি তৈরি, বাঁশের চাটাই তৈরি ও অন্যান্য)
৯. মৌ চাষ
১০. ভার্মি কম্পোস্ট
১১. অন্যান্য- কাগজের ঠোঙ্গা তৈরি, ঝাড়ু তৈরি, মোমবাতি তৈরি, খেলনা তৈরি

১১/০৬/২২
শরিফুল ইসলাম
সহকারী পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

১১/০৬/২২
মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা